বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২৪.৩১৮

তারিখ: ৩০ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ / ১৪ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

মূল্য সংযোজন কর (মূসক) এর হার পরিবর্তনের পরিপ্রেক্ষিতে সরকারি-বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয় বিজ্ঞপ্তি।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ এবং সংশ্লিষ্ট প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)'র ওপর আরোপিত মূল্য সংযোজন কর (মূসক) এর হার পরিবর্তনের ফলে জানুয়ারি ২০২৫ মাসের জন্য সরকারি- বেসরকারি এলপিজি'র মূল্য নিম্নলিখিতভাবে সমন্বয় করা হলো:

(ক) বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্য প্রতি কেজি ১২১.৫৬ টাকায় এবং বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্য নিম্নরূপভাবে সমন্বয় করা হলো:

মূসকের হার পরিবর্তনের ফলে বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, জানুয়ারি-২০২৫

বিবরণ	বোতলজাতকৃত এলপিজি'র পরিমাণ ও মূল্য												
বোতলজাতকৃত এলপিজি'র পরিমাণ	৫.৫ কেজি	১২ কেজি	১২.৫ কেজি	১৫ কেজি	১৬ কেজি	১৮ কেজি	২০ কেজি	২২ কেজি	২৫ কেজি	৩০ কেজি	৩৩ কেজি	৩৫ কেজি	৪৫ কেজি
রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য (মূসকসহ)	৬৬৯ টাকা	১,৪৫৯ টাকা	১,৫২০ টাকা	১,৮২৪ টাকা	১,৯৪৫ টাকা	২,১৮৯ টাকা	২,৪৩১ টাকা	২,৬৭৫ টাকা	৩,০৩৯ টাকা	৩,৬৪৭ টাকা	৪,০১২ টাকা	৪,২৫৪ টাকা	৫,৪৭১ টাকা

(খ) রেটিকুলেটেড পদ্ধতিতে (i) তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্য প্রতি কেজি ১১৭.৮১ টাকায় এবং (ii) গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্য প্রতি লিটার ০.২৬১৮ টাকায় বা প্রতি ঘনমিটার ২৬১.৮০ টাকায় সমন্বয় করা হলো।

(গ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসকসহ মূল্য প্রতি লিটার ৬৭.২৭ টাকায় সমন্বয় করা হলো।

(ঘ) সরকারি এলপিজি'র ডিলার/রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্য প্রতি ১২.৫০ কেজি ৬৯০.০০ টাকায় সমন্বয় করা হলো।

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ৩০ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ/ ১৪ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

৪। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে এলপিজি (বোতলজাতকৃত এবং রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে সরবরাহকৃত)/অটোগ্যাস বিক্রয় করা যাবে না।

৫। ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অন্যান্য আদেশ ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৬। বিস্তারিত মূল্য সমন্বয় আদেশ (বিইআরসি আদেশ নম্বর: ২০২৫/০২) কমিশনের ওয়েবসাইট www.berc.org.bd এ পাওয়া যাবে।

কমিশনের আদেশক্রমে,

14.01.2025

মোঃ আবুল কালাম আজাদ
পরিচালক (অর্থ ও হিসাব), ও সচিব,
বিইআরসি
ফোন: ০২-৫৫০১৪০০৭